# AKASHVANI KOLKATA
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 03-09-2026** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য সরকার রোগীদের স্বল্পমূল্যে উন্নত মানের ঔষধ পৌঁছে দিতে সরকারি হাসপাতালগুলিতে আরো ৪৬৯ টি জনওষধি কেন্দ্র চালু করবে।

কেন্দ্রীয় সরকার ন্যাশনাল ইনস্টিটিউট অফ হোমিওপ্যাথিকে সেন্টার অফ এক্সিলেন্স হিসেবে গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে।

২) মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী তরুণ প্রজন্মের মধ্যে আধুনিক শিক্ষার প্রসারের পাশাপাশি সংস্কার, দেশপ্রেম ও জাতীয় চেতনার যোগসূত্র গড়ে তোলার উপর জোর দিয়েছেন।

৩) রাজ্য সরকারি কর্মী এবং অবসরপ্রাপ্তদের জন্য বেতন কাঠামো সহ বিভিন্ন পরিষেবা সংক্রান্ত মতামত সপ্তম বেতন কমিশনে জানাতে একটি ওয়েবসাইট চালু করেছে সরকার।

৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে সারা দেশের সঙ্গে এরাজ্যেও সেবা সংকল্প অভিযান কর্মসূচি পালন করা হবে।

৫) উৎসবের মেজাজে মহানায়ক উত্তম কুমারের জন্মশতবার্ষিকী উদযাপনের আজ সূচনা হল।

৬) মাইথন ও পাঞ্চেত জলাধার থেকে জল ছাড়ার জেরে দামোদরের জলস্তর দ্রুত বৃদ্ধি পাওয়ায় রাজ্য সরকার বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা নিচ্ছে।

এদিকে বুধবার পর্যন্ত রাজ্যের বিভিন্ন জেলায় বিক্ষিপ্তভাবে ভারি বৃষ্টির পূর্বাভাস।

---------------------------------------------------------------------------------------

রাজ্য সরকার রোগীদের স্বল্পমূল্যে উন্নত মানের ঔষধ পৌঁছে দিতে সরকারি হাসপাতালগুলিতে আরো ৪৬৯ টি জনওষধি কেন্দ্র চালু করবে। বিজেপি নেতা অমিত মালব্য সমাজ মাধ্যমে এক বার্তায় জানিয়েছেন, এই ধরনের কেন্দ্র চালুর ক্ষেত্রে পশ্চিমবঙ্গ একটি বড় মাইলফলক অতিক্রম করেছে। রাজ্যে ১ হাজারেরও বেশি জন ঔষধি কেন্দ্র বর্তমানে চালু রয়েছে, যা ব্র্যান্ডেড ওষুধগুলির তুলনায় ৫০ থেকে ৯০ শতাংশ পর্যন্ত কম দামে উন্নত মানের জেনেরিক ঔষধ সরবরাহ করছে।

শ্রী মালব্য আরও বলেন, রাজ্যসভায় পেশ করা তথ্য অনুযায়ী চলতি বছরের ৩০শে জুন পর্যন্ত পশ্চিমবঙ্গে ১ হাজার ১৪টি জন ঔষধি কেন্দ্র ছিল। এর মধ্যে কলকাতা, উত্তর ২৪ পরগনা, হুগলি ও হাওড়া রয়েছে শীর্ষে।

--------------------

কেন্দ্রীয় সরকার ন্যাশনাল ইনস্টিটিউট অফ হোমিওপ্যাথিকে সেন্টার অফ এক্সিলেন্স হিসেবে গড়ে তোলার সিদ্ধান্ত নিয়েছে। কলকাতায় আজ প্রতিষ্ঠানের সুবর্ণ জয়ন্তী উপলক্ষে এক অনুষ্ঠানে আয়ুষ প্রতিমন্ত্রী প্রতাপ রাও যাদব বলেন, এটি দেশের মধ্যে অন্যতম সেরা হোমিওপ্যাথি ইনস্টিটিউট। একে আরো উন্নত হিসেবে গড়ে তোলার উদ্যোগ নেওয়া হচ্ছে।

মন্ত্রী আরও জানান, নতুন হাসপাতাল ভবনের নির্মাণ ও গবেষণা কেন্দ্র গড়ে তোলার জন্য ছাত্র ছাত্রীদের আর্জি যুক্তিসঙ্গত। কাজেই সরকার সে বিষয়ে উদ্যোগ নেবে। স্নাতোকত্তর ছাত্রছাত্রী এবং ইন্টার্নদের স্টাইপেন্ড বাড়ানোর বিষয়টিও বিবেচনা করা হবে।

অনুষ্ঠানে শ্রী যাদব ন্যাশনাল ইনস্টিটিউট অফ হোমিওপ্যাথিতে নবনির্মিত অত্যাধুনিক মডিউলার অপারেশন থিয়েটারের উদ্বোধন করেন। এই ওটিতে অত্যাধুনিক প্রযুক্তি ব্যবস্থা রয়েছে বলেও তিনি জানান। এই সংস্থার ৫০ বছরের এই যাত্রাকে এক গৌরবময় সাফল্য হিসাবেও অবিহিত করেন তিনি।

এদিকে রাজ্যে বহু হোমিওপ্যাথি ওষুধে স্টেরয়েড ব্যবহারের যে অভিযোগ উঠেছে, সেই  প্রশ্নের উত্তরে শ্রী যাদব বলেন, আয়ুষ মন্ত্রক একটি পোর্টাল চালু করেছে। কোনো ভুল ওষুধ বিক্রি বা সে বিষয়ে বিজ্ঞাপন দেওয়া হলে যে কেউ অনলাইনে অভিযোগ জানাতে পারেন। মন্ত্রক  সে বিষয়ে দ্রুত ব্যবস্থা নেবে।

বাইট

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, রাজ্যের স্বাস্থ্য প্রতিমন্ত্রী সুমনা সরকার, আয়ুষ মন্ত্রকের সচিব বৈদ্য রাজেশ কোটেচা প্রমূখ এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

---------------------

আর জি কর কাণ্ডে স্বাস্থ্য দপ্তরের তদন্ত কমিটি আজ প্রথম বৈঠকে বসে। বৈঠকের পর স্বাস্থ্যমন্ত্রী শারদ্বত মুখোপাধ্যায় জানান, ঐ হাসাপাতালের ছাত্রী ধর্ষণ ও খুনের ঘটনার প্রকৃত সত্য উদঘাটন করে দ্রুত ন্যায় বিচার দেওয়া হবে।

উল্লেখ্য, স্বাস্থ্যমন্ত্রী এই তদন্ত কমিটি গঠনের ঘোষণা করেন। অবসরপ্রাপ্ত বিচারপতি শুভ্রকমল মুখোপাধ্যায়ের নেতৃত্বে এই কমিটিতে রয়েছেন রাজ্যের প্রাক্তন স্বাস্থ্য-শিক্ষা অধিকর্তা দেবাশিস ভট্টাচার্য, ফরেনসিক বিশেষজ্ঞ তাপস বসু, জগদ্দলের বিজেপি বিধায়ক রাজেশ কুমার, উত্তরপাড়ার বিজেপি বিধায়ক দীপাঞ্জন চক্রবর্তী।

---------------------

দক্ষিণ ২৪ পরগণার বারুইপুরে নাবালিকা ধর্ষণ ও খুনের ঘটনায় ৫৭ দিনের মাথায় আদালতে আজ চার্জশিট জমা দিয়েছে পুলিশ। প্রায় ৭০০ পৃষ্ঠার ঐ চার্জশিটে, পুলিশের এনকাউন্টারে মৃত প্রভাস মণ্ডল-সহ চারজনের নাম রয়েছে। ঘটনার তদন্তে একাধিক গুরুত্বপূর্ণ তথ্য প্রমাণ সংগ্রহ করা হয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে। তদন্তের অগ্রগতি খতিয়ে দেখে অভিযুক্তদের বিরুদ্ধে খুন ও ধর্ষণ-সহ একাধিক ধারায় মামলা দায়ের করা হয়েছে।

---------------------

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী তরুণ প্রজন্মের মধ্যে আধুনিক শিক্ষার প্রসারের পাশাপাশি সংস্কার, দেশপ্রেম ও জাতীয় চেতনার যোগসূত্র গড়ে তোলার উপর জোর দিয়েছেন। তিনি আজ দক্ষিণ কলকাতার গোল পার্ক রামকৃষ্ণ মিশনে বিদ্যা ভারতীর এক অনুষ্ঠানে যোগ দিয়ে বলেন, পূর্বতন সরকারের শিক্ষানীতিতে বাংলার ঐতিহ্য ও জাতীয় চেতনা উপেক্ষিত হয়েছিল। বাম আমলে ইংরেজি শিক্ষাও কার্যত বন্ধ করে দেওয়া হয়। মাতৃভাষায় শিক্ষাও হারিয়ে যেতে বসেছিল।

বাইট

সংস্কার ছাড়া দেশকে বাঁচানো সম্ভব নয় বলেও মুখ্যমন্ত্রী অভিমত প্রকাশ করেন। শিক্ষাক্ষেত্রে সরকারের বিভিন্ন পদক্ষেপের উল্লেখ করে মুখ্যমন্ত্রী জানান, রাজ্যে চালু

হয়েছে জাতীয় শিক্ষানীতি। সব স্কুলে পূর্ণাঙ্গ 'বন্দে মাতরম' গাওয়াও বাধ্যতামূলক করা হয়েছে। পাঠ্যক্রমে জাতীয়তাবোধ ও মূল্যবোধকে আরও গুরুত্ব দেওয়া হচ্ছে বলেও তিনি জানান।

--------------------

রাজ্য সরকারি কর্মী এবং অবসরপ্রাপ্তদের বেতন কাঠামো, ভাতা,পদোন্নতি, অবসরকালীন সুবিধা সহ বিভিন্ন পরিষেবা সংক্রান্ত মতামত দাবি ও পরামর্শ সপ্তম বেতন কমিশনের কাছে জানাতে একটি ওয়েবসাইট চালু করেছে সরকার। বিভিন্ন কর্মচারী সংগঠন, সংস্থা এবং দপ্তর আগামী ৩১ শে অক্টোবর পর্যন্ত এই ওয়েবসাইটে গিয়ে তাদের বক্তব্য জানাতে পারবে। একমাত্র এই ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে পাওয়া সমস্ত মেমোরান্ডাম এবং পরামর্শ কমিশন বিবেচনা করবে।

উল্লেখ্য রাজ্য সরকার গত ২২ শে জুলাই সপ্তম বেতন কমিশন গঠন করে।

--------------------

দীর্ঘ প্রায় ১৫ বছর পর রাজ্য পর্যটন দপ্তরের নতুন লোগো প্রকাশিত হতে চলেছে। পর্যটন মন্ত্রী শঙ্কর ঘোষ জানিয়েছেন, আগামীকাল কলকাতার ধনধান্য অডিটোরিয়ামে এক অনুষ্ঠানে এই নতুন লোগোর উদ্বোধন করবেন রাজ্যের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। পাশাপাশি পর্যটন দপ্তরের ওয়েব সাইট, রিং টোন এবং ড্রেস কোডও চালু হতে চলেছে বলেও শ্রী ঘোষ জানান।

বাইট

--------------------

গ্রামাঞ্চলের উন্নয়ন ও গ্রামীণ সম্পদ সৃষ্টি এবং কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে পঞ্চায়েত দপ্তর কি পরিকল্পনা নিচ্ছে তা নিয়ে আকাশবাণীকে বিস্তারিত জানিয়েছেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী দিলীপ ঘোষ। সাক্ষাৎকার নিয়েছেন আকাশবাণী প্রতিনিধির সন্দীপন দাশগুপ্ত। আকাশবাণী সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শোনা যাবে আজ রাত আটটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গ, আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

--------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে সারা দেশের সঙ্গে এরাজ্যেও সেবা সংকল্প অভিযান কর্মসূচি পালন করা হবে। এ মাসের ১৭ তারিখ থেকে শুরু হয়ে ১৭ই অক্টোবর পর্যন্ত এক মাস ধরে চলবে এই বিশেষ অভিযান।

এই উপলক্ষে কলকাতায় আজ রাজ্য বিজেপির উদ্যোগে সেবা সংকল্প অভিযান প্রদেশ কর্মশালার আয়োজন করা হয়। কর্মশালার পর বিজেপি নেতা, মন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায় জানিয়েছেন, এবারই প্রথম কেন্দ্র ও রাজ্য সরকার এবং দলীয় সংগঠন যৌথভাবে কর্মসূচি পালন করবে। এর অঙ্গ হিসেবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ২৫ বছরের কর্মজীবনে বিভিন্ন অবদান এবং কেন্দ্রে গত ১৫ বছরে তাঁর নেতৃত্বাধীন সরকার মানুষের জন্য যেসব কাজ করেছে, তা তুলে ধরা হবে।

বাইট

অন্যদিকে দলের রাজ্য সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় জানিয়েছেন, আগামী দিনে বিভিন্ন জেলায় এই ধরনের কর্মশালার আয়োজন করা হবে। কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, রাজ্য মন্ত্রিসভার সদস্য এবং দলের সাংসদ,বিধায়করা কর্মশালায় উপস্থিত ছিলেন।

--------------------

উৎসবের মেজাজে মহানায়ক উত্তম কুমারের জন্মশতবার্ষিকী উদযাপনের আজ সূচনা হল। রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে এই অনুষ্ঠান চলবে এ মাসের ৬ তারিখ পর্যন্ত। নন্দন ১ ও ২ এবং টালিগঞ্জের রাধা স্টুডিওতে তাঁর অভিনীত চলচ্চিত্রের প্রদর্শনী থাকছে প্রতিদিন।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সকালে টালিগঞ্জে মহানায়কের মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান। তিনি বলেন, সারাদেশ আজও গর্ব অনুভব করে প্রবাদপ্রতিম এই অভিনেতার জন্য। সন্ধ্যায় নন্দন চত্বরে শ্রদ্ধাঞ্জলি পদযাত্রায় অংশগ্রহণের পর একতারা মুক্তমঞ্চে কেক কাটার অনুষেঠানে অংশ নেন মুখ্যমন্ত্রী।

আহিরীটোলায় মহানায়কের জন্মস্থানে শ্রদ্ধা জানান প্রতিমন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী। একইসঙ্গে বিজলী সিনেমার সামনে কুড়ি ফুট উচ্চতার একটি কাটআউটের আবরণ উন্মোচন করা হয়।

এদিকে, মহানায়ক উত্তম কুমার কালচারাল এন্ড ওয়েলফেয়ার সোসাইটির তরফে এক অনুষ্ঠানে সম্মান জানানো হয় মহানায়কের সঙ্গে কাজ করা কলাকুশলীদের। একটি প্রতিবেদন

ভয়েসকাস্ট অভিজিত্

---------------------

মাইথন ও পাঞ্চেত জলাধার থেকে জল ছাড়ার জেরে দামোদরের জলস্তর দ্রুত বৃদ্ধি পাওয়ায় রাজ্য সরকার বিশেষ তৎপরতা নিচ্ছে। পরিস্থিতি খতিয়ে দেখতে ডিভিসির চেয়ারম্যানের সঙ্গে কথা বলেছেন মুখ্যসচিব মনোজ কুমার আগরওয়াল। একই সঙ্গে দামোদরের নিম্ন অববাহিকা এলাকার চার জেলাকে সতর্ক থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

রাজ্যের অনুরোধে আজ সকাল ১০টা নাগাদ মাইথন ও পাঞ্চেত জলাধারে যৌথভাবে জল ছাড়ার পরিমাণ ১ লক্ষ ১৯ হাজার ৮০০ কিউসেক থেকে কমিয়ে ১ লক্ষ ৮ হাজার কিউসেক করা হয়। তবে ডিভিসির জলছাড়া সামলাতে দুর্গাপুর ব্যারাজ থেকে জল ছাড়ার পরিমাণ বাড়িয়েছে সেচ দফতর। এর ফলে দামোদরের নিম্ন অববাহিকার নিচু এলাকাগুলিতে জলস্তর আরও বাড়তে পারে। সেই কারণে জেলা প্রশাসনকে আগাম প্রস্তুতি গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে।

প্রশাসন সূত্রে জানা গিয়েছে, গত ১২ ঘণ্টায় দামোদর নদের জলস্তর প্রায় সাড়ে সাত ফুট বেড়েছে। নদী প্রায় কানায় কানায় ভর্তি হয়ে যাওয়ায় নদীপাড়ের বাসিন্দা এবং চাষিদের মধ্যে উদ্বেগ তৈরি হয়েছে।

---------------------

উত্তর-পূর্ব মধ্যপ্রদেশ এবং সংলগ্ন এলাকায় অবস্থিত সুস্পষ্ট নিম্নচাপটি ক্রমশ আরও পশ্চিম উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হচ্ছে। সেই সঙ্গে দিঘা হয়ে উত্তর-পূর্ব বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে সক্রিয় মৌসুমী অক্ষরেখা। এছাড়া দক্ষিণ পশ্চিম বাংলাদেশ ও সংলগ্ন এলাকায় বাতাসের উপরিভাগে রয়েছে একটি ঘূর্ণাবর্ত। এর ফলে আগামী বুধবার পর্যন্ত রাজ্যের কয়েকটি জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

আগামী ২৪ ঘন্টায় দক্ষিণ বঙ্গে মুর্শিদাবাদ, নদীয়া, পূর্ব বর্ধমান, বীরভূম ও দুই ২৪ পরগনার কোথাও কোথাও ভারী বৃষ্টি হতে পারে।

উত্তরবঙ্গের কোচবিহার, আলিপুরদুয়ার, মালদা এবং দক্ষিণ দিনাজপুর জেলাতেও রয়েছে ভারী বর্ষণের সম্ভাবনা।

-------------------- -------------------